**Access to Information (a2i) Programme**

# একসেবা


ব্যবহার নির্দেশিকা

ভার্সন **: ১.০**

Prime Minister’s Office
Old SangshadBhaban, Tejgoan, Dhaka-1215
Phone: 88 02 8181120
Web: www.a2i.pmo.gov.bd

## উদ্যোক্তা নিবন্ধন

‘উদ্যোক্তা নিবন্ধন’ মেনুতে ক্লিক করলে উদ্যোক্তা নিবন্ধন ফরম পাওয়া যাবে। ডিজিটাল সেন্টারের সকল উদ্যোক্তাকে এই ফরমটি সঠিক তথ্য দিয়ে পূরণ করে অনুমোদনের জন্য দাখিল করতে হবে। তথ্যাদির মধ্যে যে সকল ফিল্ডে লাল তারকা(*) রয়েছে সেগুলো অবশ্যই পুরণ করতে হবে।





ধাপ ১ -

‘উদ্যোক্তা নিবন্ধন ফরম’ এর ‘ডিজিটাল সেন্টার সম্পর্কিত তথ্য’ অংশে নিবন্ধনের জন্য উদ্যোক্তা প্রথমে সেন্টারের ধরন নির্বাচন করবেন। সেন্টারের ধরণ সাত প্রকার হতে পারে। ইউনিয়ন ডিজিটাল সেন্টার, নগর ডিজিটাল সেন্টার, পৌর ডিজিটাল সেন্টার, জেলা পরিষদ ডিজিটাল সেন্টার, উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টার, ইউনিয়ন পোস্ট ই-সেন্টার, উপজেলা পোস্ট ই-সেন্টার।

ধাপ ২ -


নির্বাচনকৃত সেন্টারের ধরণ ‘ইউনিয়ন ডিজিটাল সেন্টার’ হলে উদ্যোক্তা যথাক্রমে বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন পরিষদ, ওয়ার্ড এবং ডিজিটাল সেন্টার এর নাম নির্বাচন করবেন। নির্বাচনকৃত সেন্টারের ধরণ ‘নগর ডিজিটাল সেন্টার’ হলে উদ্যোক্তা যথাক্রমে বিভাগ, জেলা, সিটি কর্পোরেশন, ওয়ার্ড এবং ডিজিটাল সেন্টার এর নাম নির্বাচন করবেন। নির্বাচনকৃত সেন্টারের ধরণ ‘পৌর ডিজিটাল সেন্টার’ হলে উদ্যোক্তা যথাক্রমে বিভাগ, জেলা, পৌরসভা, ওয়ার্ড এবং ডিজিটাল সেন্টার এর নাম নির্বাচন করবেন। নির্বাচনকৃত সেন্টারের ধরণ ‘জেলা

পরিষদ ডিজিটাল সেন্টার’ হলে উদ্যোক্তা যথাক্রমে বিভাগ, জেলা এবং ডিজিটাল সেন্টার এর নাম নির্বাচন করবেন। নির্বাচনকৃত সেন্টারের ধরণ ‘উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টার’ হলে উদ্যোক্তা যথাক্রমে বিভাগ, জেলা, উপজেলা এবং ডিজিটাল সেন্টার এর নাম নির্বাচন করবেন। ‘ইউনিয়ন পোস্ট ই-সেন্টার’ এর জন্য উদ্যোক্তাকে যথাক্রমে বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন পরিষদ নির্বাচন করে পোস্ট ই-সেন্টারের নাম নির্বাচন করতে হবে। ‘উপজেলা পোস্ট ই-সেন্টার’ এর জন্য উদ্যোক্তাকে একইভাবে বিভাগ, জেলা এবং উপজেলা নির্বাচন করে পোস্ট ই-সেন্টারের নাম নির্বাচন করতে হবে।




ধাপ ৩ -

‘উদ্যোক্তার তথ্য’ অংশে উদ্যোক্তাকে তার ব্যাক্তিগত তথ্য প্রধান করতে হবে। উদ্যোক্তা তার নিজের নাম (বাংলা, ইংরেজি উভয়ই), পিতা এবং মাতার নাম, ই-মেইল, মোবাইল নাম্বার, জন্ম তারিখ, ঠিকানা, জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন নং, ব্যাংক অ্যাকাউন্ট নাম, ব্যাংক অ্যাকাউন্ট নং, ব্যাংকের নাম, তিনি উদ্যোক্তা ব্লগের সদস্য কিনা, উদ্যোক্তা ফেসবুক গ্রুপ এর সদস্য কিনা তথ্যাদিসহ অন্যান্য তথ্য প্রদান করবেন। এরপর তিনি তার ছবি আপলোড করবেন।




ধাপ ৪ -

তারপর ‘উদ্যোক্তার শিক্ষাগত যোগ্যতা’ অংশে উদ্যোক্তা তার সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা ও পাসের সন প্রদান করবেন।

ধাপ ৫-

‘উদ্যোক্তার প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য’ অংশে উদ্যোক্তা তার প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য প্রদান করবেন। উদ্যোক্তা এক বা একাধিক কোর্সের নাম একত্রে প্রদান করতে পারবেন। উদ্যোক্তা কোর্সের , যে প্রতিষ্ঠান থেকে কোর্স করেছেন তার নাম, কোর্সের সময়কাল প্রদান করবেন।

ধাপ ৬-


‘বিনিয়োগ সম্পর্কিত তথ্য’ অংশে উদ্যোক্তা  তার প্রশিক্ষণ এর জন্য বিনিয়োগকৃত টাকা ও ঋণের তথ্য প্রদান করবেন ।

ধাপ ৭-

'উপকরণ সম্পর্কিত তথ্য' অংশে উদ্যোক্তা তার উপকরণ সম্পর্কিত সকল তথ্য প্রদান করবেন। উপকরণের নাম, উপকরণের বিস্তারিত বর্ণণা, উপকরণের সংখ্যা ও তাদের অবস্থা। উদ্যোক্তা এক বা একাধিক উপকরণ সম্পর্কে জানাতে পারবেন।

ধাপ ৮-

সবশেষে ক্যাপচা নির্বাচন করে 'আবেদন করুন' বাটনে ক্লিক করলে আবেদনটি নিরীক্ষণের জন্য চলে যাবে।




উদ্যোক্তার আবেদন দুই-স্তর এ নিরীক্ষণ করা হবে। প্রথমত উদ্যোক্তার আবেদন নিরীক্ষনের জন্য উপজেলা নির্বাহী অফিসার এর নিকট পাঠানো হবে। উপজেলা নির্বাহী অফিসার অনুমোদিত আবেদন এটুআই এর নিকট প্রেরণ করা হবে। উদ্যোক্তার আবেদন গৃহীত হলে উদ্যোক্তাকে ইমেইল এ লিংক পাঠানো হবে। লিংক এ ক্লিক করে উদ্যোক্তার পাসওয়ার্ড এবং গোপনীয় প্রশ্ন ও উত্তর প্রদান করতে হবে। এরপর উদ্যোক্তাকে পুনরায় ইমেইল করে উদ্যোক্তার ব্যবহারকারী নেইম প্রদান করা হবে। তারপর উদ্যোক্তা সিস্টেমে লগইন করতে পারবেন।